বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭(অংশ-১)/১৬৮৭ তারিখ ঃ ০৬/০৬/২০২৩খ্রিঃ।

## নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত ১৮ ক্যাটাগরির ৭৪ টি শূণ্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে **Online** এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | বয়স সীমা | শূণ্য পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ০১। | উপাধ্যক্ষ, ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), নারায়ণগঞ্জ | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৬ষ্ঠ গ্রেডভুক্ত টাকা ৩৫,৫০০-৬৭,০১০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২৭-৪০ বৎসর | ০১ | ১। ২য় মেট(এফজি) সার্টিফিকেট<br>অথবা<br>পদার্থ/গণিত/ভূগোলে স্নাতকোত্তরসহ সরকারী/স্বায়ত্বশাসিত সংস্থায় ১ম শ্রেণীর পদে ০৮ বৎসরের অভিজ্ঞতা (হাইড্রোগ্রাফি/ওসানোগ্রাফি/মেরিন সার্ভিসে) যাহার মধ্যে ০৫ বৎসরের অভিজ্ঞতা মেরিন সার্ভিস হইতে হইবে।<br>অথবা<br>মেট (হোম ট্রেড) সার্টিফিকেট<br>অথবা<br>বাংলাদেশ নৌ-বাহিনীর এক্সিকিউটিভ শাখার সাব-লেফটেন্যান্ট।<br>২। অভ্যন্তরীণ নদীপথে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। শিক্ষানবিশ থাকাকালে প্রার্থীদের অবশ্যই ২য় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট পাইতে হইবে। |
| ০২। | প্রধান প্রশিক্ষক (ইঞ্জিন), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২৭-৪০ বৎসর | ০১ | এফজি-ক্লাস-২ ইঞ্জিন সনদধারী<br>অথবা<br>এফজি-ক্লাস-৩ ইঞ্জিন সনদধারীসহ সংশ্লিষ্ট কর্মে ১০(দশ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ০৩। | সহকারী নৌ-প্রকৌশলী, সহকারী যান্ত্রিক প্রকৌশলী, জেনারেল ফোরম্যান এবং ইঞ্জিনিয়ারিং সুপারভাইজার (ডিজেল) | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০৫ | মেকানিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রী। |
| ০৪। | সহকারী পরিচালক/তৎসম | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ২২,০০০-৫৩,০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০১ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী অথবা ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৫। | উর্ধ্বতন প্রশিক্ষক (ডেক), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৪০ বৎসর | ০১ | ১। Higher Education Test (H.E.T) অথবা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) পরীক্ষায় উত্তীর্ণসহ বাংলাদেশ নৌ-বাহিনীর চীফ পেটী অফিসার (সী-ম্যান ব্রাঞ্চ)।<br>অথবা<br>উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পরীক্ষায় উত্তীর্ণ এবং ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ ১ম শ্রেণির ইনল্যান্ড মাস্টারশীপ সনদপ্রাপ্ত।<br>অথবা<br>১ম শ্রেণির ইনল্যান্ড মাষ্টারশীপ সনদপ্রাপ্ত এবং জাহাজে ইনচার্জ মাস্টার অথবা উর্ধ্বতন মাস্টার পাইলট হিসেবে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>২। ইংরেজী লেখা ও বলার ক্ষেত্রে ভাল দখল থাকতে হবে।<br>তবে শর্ত থাকে যে, নিয়োগের পর ডিইপিটিসি হতে ১ (এক) বৎসর শিক্ষানবিস কোর্স সাফল্যজনকভাবে সমাপ্তির পর চাকুরী স্থায়ী করা হবে। |
| ০৬। | উর্ধ্বতন প্রশিক্ষক (ইঞ্জিন), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল,২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৪০ বৎসর | ০১ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) সার্টিফিকেট এবং<br>খ) ক্লাস-৩ ইঞ্জিন(এফজি) সনদ<br>অথবা<br>ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ক্লাস-৪ ইঞ্জিন সনদ এবং<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০(দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ০৭। | কনিষ্ঠ নদী জরিপকারী | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০৪ | গণিতসহ বি, এ, ডিগ্রী অথবা পদার্থ, রসায়ন ও গণিতসহ বি, এস, সি, ডিগ্রী। সরাসরি নিয়োগকৃত প্রার্থীদের শিক্ষানবীসকাল ২ বৎসর হবে। যার শেষে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার ফল এর উপর চাকুরীতে আত্মীকরণের বিষয়টি নির্ভরশীল থাকবে। |
| ০৮। | অংকন কর্মকর্তা, উর্ধ্বতন নক্সানবীশ | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১০ম গ্রেডভুক্ত ১৬,০০০-৩৮,৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০১ | পুর-কৌশলে ডিপ্লোমা প্রকৌশলী, হাইড্রোগ্রাফি বিভাগে নিয়োগের বেলায় টপোগ্রাফিক ম্যাপ/চার্ট, ফেয়ার ড্রয়িং, প্রোজেকশন এবং প্লাষ্টিং এর কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৯। | প্রশিক্ষক(ডেক), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০১ | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) অথবা Higher Education Test (H.E.T) সনদপ্রাপ্তসহ বাংলাদেশ নৌ-বাহিনীর সী-ম্যান শাখায় ১০(দশ) বৎসরের চাকুরী, যাহার মধ্যে লিডিং সী-ম্যান শিক্ষানবিস থাকাকালীন সময়ে ২য় শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সার্টিফিকেট অর্জনসহ উক্ত পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস. সি) পরীক্ষায় উত্তীর্ণসহ ২য় শ্রেণির ইনল্যান্ড মাষ্টার সনদপ্রাপ্ত। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১০। | প্রশিক্ষক(ইঞ্জিন), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০২ | ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট; এবং<br>খ) ক্লাস-৪ ইঞ্জিন(এফজি) সনদ<br>অথবা<br>ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ক্লাস-৫ ইঞ্জিন(এফজি) সনদ এবং<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>অথবা<br>উচ্চ মাধ্যমিক পাশসহ আইএমই পদে বাংলাদেশ নৌবাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় এমই/এলএমই পদে ন্যূনতম ১৫(পনের) বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ১১। | প্রশিক্ষক (ইলেকট্রিক), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩৫ বৎসর | ০১ | ক) সরকার স্বীকৃত ইনস্টিটিউট হতে তড়িৎ বিদ্যায় ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমা সনদ।<br>তবে, সংশ্লিষ্ট পেশায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ১২। | সহকারী হিসাব কর্মকর্তা | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১১তম গ্রেডভুক্ত ১২,৫০০-৩০,২৩০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ২১-৩০ বৎসর | ০১ | বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী |
| ১৩। | তত্ত্বাবধায়ক-কাম-রক্ষণাবেক্ষণকারী, গুদাম সহকারী ও সহকারী | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১৪তম গ্রেডভুক্ত ১০,২০০-২৪,৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০৯ | স্নাতক ডিগ্রী। |
| ১৪। | কারিগরি সহকারী | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১৪তম গ্রেডভুক্ত ১০,২০০-২৪,৬৮০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ১২ | এস, এস, সি-সহ কোন অনুমোদিত সরকারী কারিগরী প্রতিষ্ঠান হতে সাব-ওভারসিয়ার/সার্ভে ফাইনাল পাস। |
| ১৫। | ট্রাফিক সুপারভাইজার | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ২৩ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান। |
| ১৬। | ডেমোনেস্ট্রেটর (ওয়ার্কশপ)(ডেক/ইঞ্জিন), এসপিটিআই, মাদারীপুর | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | অনূর্ধ্ব ৩০ বৎসর | ০১ | ডিইপিটিসি হতে ১(এক) বছর মেয়াদী ইঞ্জিন কোর্স সনদধারী, এইচ.এস.সি. পাশসহ ১ম শ্রেণীর ইনল্যান্ড ড্রাইভার সনদ থাকতে হবে।<br>অথবা বিআইএমটি হতে মেরিন ইঞ্জিন ডিপ্লোমা এবং চাকুরীকালীন সময়ে ২য় শ্রেণির ইনল্যান্ড সনদ লাভ করতে হবে।<br>অথবা এইচ.এস.সি. পাশসহ বাংলাদেশ নৌ-বাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখায় এলএমই পদে কমপক্ষে ১০ (দশ) বৎসরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৭। | টাইপিস্ট | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৬তম গ্রেডভুক্ত ৯,৩০০-২২,৪৯০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০১ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ টাইপিং এর জ্ঞান। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৮। | মার্কম্যান | জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৯তম গ্রেডভুক্ত টাকা ৮,৫০০-২০,৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি। | ১৮-৩০ বৎসর | ০৮ | এসএসসি/সমমানের পাসসহ সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

আবেদনের শর্তাবলী/নিয়মাবলী ঃ

০১। (ক) ০১/০৬/২০২৩ তারিখে প্রার্থীদের বয়স ক্রমিক-০১ ও ০২ এ বর্ণিত পদের ক্ষেত্রে ন্যূনতম ২৭ বৎসর, ক্রমিক-০৩ হতে ১২ এ বর্ণিত পদের ক্ষেত্রে ন্যূনতম ২১ বৎসর, ক্রমিক-১৩ হতে ১৮ এ বর্ণিত পদের ক্ষেত্রে ন্যূনতম ১৮ বছর পূর্ণ হতে হবে;

(খ) যে সকল পদে আবেদনের সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর, সে সকল পদে জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯; তারিখ-২২/০৯/২০২২ অনুযায়ী ২৫/০৩/২০২০ তারিখে যাদের বয়স ৩০ বৎসরের মধ্যে ছিল তারাও আবেদন করতে পারবেন;

(গ) আগ্রহী প্রার্থীদেরকে ১০/০৬/২০২৩ হতে ০১/০৭/২০২৩ তারিখ পর্যন্ত শুধুমাত্র **www.jobsbiwta.gov.bd** এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে;

(ঘ) আবেদন করার সময় ফরম পূরনের নিয়ম ও অন্যান্য শর্তাবলী **www.jobsbiwta.gov.bd** সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত **Applied ID** টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত **Applied ID** টি রকেটের **Biller Number** হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ক্রমিক নং-০১ হতে ১২ এ বর্ণিত পদের জন্য ৩২০(তিনশত বিশ) টাকা এবং ক্রমিক নং-১৩ হতে ১৮ এ বর্ণিত পদের জন্য ২১৫/-(দুইশত পনেরো) টাকা হারে (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে, অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে;

(ঙ) আবেদনকারীগণকে নিজ নিজ **Applied ID** ব্যবহার করে **www.jobsbiwta.gov.bd** ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদনপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে **SMS** প্রদানের মাধ্যমে অবহিত করা হবে;

(চ) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের সময় প্রার্থীদের আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে;

(ছ) চাকুরীরত প্রার্থীগণ-কে তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ হলে চাকুরীরত প্রতিষ্ঠানের নিকট থেকে অব্যাহতি পত্র দাখিল করতে হবে;

(জ) গত ১৮/০৫/২০২২ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি-০৩/২০২২ এর কনিষ্ঠ নদী জরিপকারী পদে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। এ পদে গত ০৩/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় প্রবেশপত্র প্রাপ্ত প্রার্থীগণ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

(ঝ) বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য (শুধুমাত্র বিআইডব্লিউটিএ'তে কর্মরতদের জন্য প্রযোজ্য);

(ঞ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর এবং মুক্তিযোদ্ধার নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩০(ত্রিশ) বৎসর;

(ট) অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে;

(ঠ) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

(ড) বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

০২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৩। আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮/০৬/২০২৩

(মোঃ মোস্তাফিজুর রহমান)
যুগ্ম-পরিচালক(মানব সম্পদ)
বিআইডব্লিউটিএ, ঢাকা।